অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2026 সালের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের উদ্বোধন উদযাপন করলেন

মেলায় আগত দর্শনার্থীদের নিউ ইয়র্কের কৃষির সাথে যুক্ত করতে সাহায্য করতে, তরুণদের কৃষিশিক্ষায় সমর্থন করতে New York FFA Building-এর ফিতা কেটে উদ্বোধন করলেন

বিনিয়োগটি গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের বিকাশের প্রতি গভর্নরের প্রতিশ্রুতির অংশ, তিনি পাঁচ বছর আগে দায়িত্ব গ্রহণ করার পর থেকে 119 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন

নতুন পটেটো বার থেকে শুরু করে Holstein Show-এর আবার আসা পর্যন্ত নতুন ও ফিরে আসা কৃষি আয়োজনকে তুলে ধরেছেন

স্টেট ফেয়ার পরিবারগুলির জন্য 'অফলাইনে যাওয়া, ঘরের বাইরে যাওয়ার' একটি সাশ্রয়ী স্থান হয়ে থাকছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 2026 সালের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের (Great New York State Fair) সূচনা করলেন, একদম নতুন FFA Building-এর উদ্বোধন উদযাপন করলেন এবং নতুন এবং ফেরত আসা কৃষি আয়োজনের একটি সিরিজ তুলে ধরলেন যা মেলায় আগত দর্শকদের নিউ ইয়র্কের (New York) কৃষির সাথে আরো যুক্ত করবে। গভর্নর Hochul (হোকল) নতুন 10,500 বর্গফুটের FFA Building-এর ফিতা কেটে উদ্বোধন করেন, যা কৃষিক্ষেত্রের পরবর্তী প্রজন্মের নেতাদের গড়ে তুলতে এবং কৃষি শিক্ষাকে সমর্থন করতে ভূমিকা রাখবে, এটি গভর্নরের অন্যতম অগ্রাধিকার। FFA Building-টি ফেয়ারগ্রাউন্ডসে কৃষিভিত্তিক স্থাপনাগুলিতে 34.7 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের এবং 2021 সালে দায়িত্ব গ্রহণের পর গত পাঁচ বছরে মেলার মাঠের সামগ্রিক উন্নয়নে তার 119 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অঙ্গীকারের অংশ। এই বছরের মেলা 20 আগস্ট থেকে শুরু হয়ে 1 সেপ্টেম্বর, 2026, সোমবার, লেবার ডে (Labor Day) পর্যন্ত চলবে, এবং এটি দেশের সব থেকে সাশ্রয়ী স্টেট ফেয়ার, এবং পরিবারের জন্য 'অফলাইনে যাওয়া, ঘরের বাইরে যাওয়ার (Get Offline, Get Outside)' স্থান হয়ে থাকছে।

"গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে ভালোবাসার মতো অনেক কিছুই রয়েছে, আর এর মূলকথা হলো, এটি এমন একটি স্থান যা নিউ ইয়র্কের অসাধারণ কৃষি কমিউনিটিকে সত্যিকার অর্থে

সম্মান জানায়। গত পাঁচ বছরে এই ক্ষেত্র এবং পুরো ফেয়ারগ্রাউন্ডসে আমরা যে বিনিয়োগ করেছি, তার জন্য আমি গর্বিত," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "2026 সালের গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের সূচনা করার জন্য একদম নতুন FFA Building-এর উদ্বোধন উদযাপনের থেকে ভালো উপায় আমি ভাবতে পারছি না, এটি আরো বেশি তরুণকে এই গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রি সম্পর্কে জানতে এবং এতে অবদান রাখতে সুযোগ দিবে এবং একই সাথে মেলায় আগত দর্শনার্থীদের কৃষির আরো কাছাকাছি আসার সুযোগ করে দিবে। আজকে আমরা মেলার দরজা খুলে দিচ্ছি এবং আমি কাছের ও দূরের সব জায়গা থেকে আসা দর্শনার্থীদেরকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের সব আয়োজন ঘুরে দেখার আহ্বান জানাচ্ছি।"

FFA Building
ফেয়ারগ্রাউন্ডসের পশ্চিম প্রান্তে অবস্থিত New York FFA Building হলো 10,500 বর্গফুটের একটি স্থাপনা যেখানে FFA-এর শিক্ষার্থীদের কাজ মেলায় আগত দর্শনার্থীদের সামনে তুলে ধরার জন্য একটি বড় প্রদর্শনী স্থান রয়েছে, এবং সম্মেলনের স্থানসহ আরো বিভিন্ন সুবিধা রয়েছে। এই নতুন স্থাপনা নির্মাণের মাধ্যমে গভর্নরের সেই প্রচেষ্টা আরো অগ্রসর হচ্ছে যাতে দ্য ফেয়ারকে শীর্ষস্থানীয় কৃষি প্রদর্শনী দ্য ফেয়ারকে সমর্থন করা এবং তরুণদের কৃষি শিক্ষাকে সমর্থন করা যায়। ফেয়ারগ্রাউন্ডসে অনুষ্ঠিত তাদের বার্ষিক সম্মেলনে New York FFA-এর 100তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) গত বসন্তে আনুষ্ঠানিকভাবে FFA Building-এর নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

নতুন ভবনটি সিরাকিউজের (Syracuse) ফেয়ারগ্রাউন্ডসে কৃষি স্থাপনা উন্নত করার জন্য 34.7 মিলিয়ন মার্কিন ডলারের একটি প্রজেক্টের অংশ, যা 2022 সালে গভর্নর প্রথম ঘোষণা করেছিলেন। FFA Building-এর পাশাপাশি অন্যান্য উন্নয়নের মধ্যে রয়েছে ছাগলের জন্য একটি নতুন প্রদর্শনীর স্থান, যা দুই বছর আগে শেষ হয়েছে, এবং একই সাথে রয়েছে একটি নতুন ভেড়ার গোলাঘর এবং উলের কেন্দ্র (Sheep Barn এবং Wool Center), নতুন ঘোড়ার গোলাঘর, দুইটির কাজই গত বছর শেষ হয়েছে। 2026 অর্থবছরের (Fiscal Year) বাজেট ফেয়ারগ্রাউন্ডসে মূলধন বিনিয়োগের জন্য আরো 35 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যার মধ্যে কনসার্টে আগত দর্শনার্থীদের বিনোদনের অভিজ্ঞতা আরো উন্নত করতে Chevy Court এবং Suburban Park-এর মঞ্চগুলির উন্নয়ন, সারা বছর উৎসব ও সংগীতের অনুষ্ঠান আয়োজন করতে Expo Center-এর উন্নয়ন, এবং একই সাথে 3.7 মিলিয়ন মার্কিন ডলারের Dairy Products Building-এর Milk Bar সংস্কারের প্রজেক্ট আছে। 2027 সালের ফেয়ারের জন্য কাজ শেষ করার লক্ষ্য সহ এই নতুন প্রজেক্টে Milk Bar-এর নতুন সাজসজ্জা ও নতুন অবস্থান থাকবে, যা প্রদর্শনীর জন্য আরো বেশি জায়গা তৈরি করবে এবং অত্যাধুনিক নতুন সরঞ্জাম স্থাপন করা সম্ভব হবে। একসাথে, এগুলি ভবিষ্যতের মেলার 13 দিনের প্রতিদিনই লম্বা সময় ধরে মেলার প্রধান পণ্য, স্ট্রবেরি মিল্ক, এবং সেই সাথে সাদা ও চকলেট মিল্ক রাখা সম্ভব করবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "নতুন FFA Building মেলায় আগত দর্শনার্থীদের কৃষি এবং আমাদের এই ইন্ডাস্ট্রিতে ক্যারিয়ার গঠনের সুযোগ সম্পর্কে জানার সুযোগ দিচ্ছে। এই স্থানটি মেলায় আগত ব্যক্তিদের ইন্ডাস্ট্রির পেশাজীবীদের সাথে যোগাযোগ করার, FFA-তে তাদের সমবয়সীদের সাথে যুক্ত হওয়ার, এবং তরুণরা কীভাবে কৃষির ভবিষ্যতে অবদান রাখতে পারে তা সরাসরি দেখার সুযোগ দিবে। নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের প্রতি তার অঙ্গীকার এবং এর কৃষিভিত্তিক প্রদর্শনী এবং একই সাথে গ্রেট

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারকে অসাধারণেরও বেশি কিছু করে তোলা ফেয়ারের সব অনন্য আকর্ষণ, রোমাঞ্চকর বিনোদন, এবং সুস্বাদু খাবারের প্রতি তার সমর্থনের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের ফেয়ার ডিরেক্টর Julie LaFave (জুলি লাফেভ) বলেন, "আমাদের অনেক দিনের ঐতিহ্য থেকে শুরু করে নতুন অনুষ্ঠান ও আকর্ষণ পর্যন্ত, স্টেট ফেয়ার সত্যিই সবার জন্য কিছু না কিছু নিয়ে আসে। আমাদের নতুন FFA Building কৃষির প্রতি আমাদের অঙ্গীকারের প্রতীক এবং এই বছর ফেয়ারগ্রাউন্ডসে নানা অংশে ঘুরে দেখার জন্য থাকা অনেক নতুন স্থানের মধ্যে এটি একটি। এই বছর সব থেকে বড় ও সেরা স্টেট ফেয়ার উপহার দেওয়ার জন্য আমাদের দল কঠোর পরিশ্রম করেছে এবং 2026 সালে আমরা কী নিয়ে এসেছি তা মেলায় আগত দর্শনার্থীরা দেখতে আসবেন এটি নিয়ে আমরা উচ্ছ্বসিত।"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "নিউ ইয়র্ক স্টেট ফেয়ার স্থানীয় কৃষির অন্যতম সেরা উদযাপন, যা প্রতি গ্রীষ্মে পরিবারগুলিকে মেলার মাঠে একত্রিত করে এবং তাদের চমৎকার স্মৃতি তৈরি করার সুযোগ দেয়। এই বছর FFA-এর নতুন ভবনের জমকালো উদ্বোধন এবং নিউ ইয়র্কের কৃষির পরবর্তী প্রজন্মের জন্য আমরা যে বিনিয়োগ করছি, তা দেখতে পাওয়া সত্যিই আনন্দের। দর্শনার্থীরা এছাড়াও সুস্বাদু খাবার ও মজার আকর্ষণ উপভোগ করতে পারবেন, এবং নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাগুলিকে সমর্থন করতে পারবেন। গভর্নর Hochul (হোকল), এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস, এবং ফেয়ারকে নিউ ইয়র্কের একটি বিশেষ ঐতিহ্যে পরিণত করতে সাহায্য করা প্রতিটি বিক্রেতাকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "প্রতি বছর গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার আমাদেরকে এমন কৃষি, ঐতিহ্য এবং উদ্ভাবনের অভিজ্ঞতা নেওয়ার একটি সুযোগ দেয় যা আমাদের স্টেটকে এত বিশেষ করে তুলেছে। নতুন FFA Building ফেয়ারের সাথে একটি স্বাগত সংযোজন এবং এটি কৃষির পরবর্তী প্রজন্মের নেতাদের এবং এই ইন্ডাস্ট্রিতে থাকা অসংখ্য সুযোগ তুলে ধরতে সাহায্য করবে। আমি সব নতুন প্রদর্শনী ও উন্নয়ন দেখার জন্য আগ্রহী এবং সবাইকে ফেয়ারে এসে এটি উপভোগ করার আহ্বান জানাচ্ছি।"

2026 সালের নতুন প্রদর্শনী ও আকর্ষণ!
নতুন FFA Building-এর পাশাপাশি কৃষিভিত্তিক অসংখ্য প্রদর্শনী ও আকর্ষণ দেখার সুযোগ রয়েছে, যার মধ্যে রয়েছে Butter Sculpture, Milk Bar-এ বরফশীতল 0.25 মার্কিন ডলারের দুধ, এবং অনেক ধরনের প্রাণীর মতো ঐতিহ্য। এছাড়াও, 2026 সালের ফেয়ারে মেলায় আগত দর্শনার্থীরা বেশ কিছু নতুন ও আকর্ষণীয় সংযোজন উপভোগ করতে পারবেন। মেলায় আগত দর্শনার্থীদের অন্যতম প্রিয় অনুষ্ঠান Holstein Dairy Cattle Competition প্রায় এক দশকের মধ্যে সব থেকে বড় আকারে আগামী 30 আগস্ট, রবিবার Toyota Coliseum-এ অনুষ্ঠিত হবে। Toyota Coliseum-এই মেলায় আগত দর্শনার্থীরা ঘোড়ার চমৎকার জগতকে আরো কাছ থেকে দেখার দুটি সুযোগ পাবেন। 29 আগস্ট, শনিবার সকাল 10:30টায় 4-H-এর তরুণরা 4-H Driving and Miniature Horse Show উপস্থাপন করবেন, যেখানে তারা ঘোড়া চালনা এবং হাতে ধরে ঘোড়া পরিচালনার দক্ষতা প্রদর্শন করবেন। এরপর বিকেল 5:00টায় দর্শনার্থীরা 4-H-এর তরুণদের সাথে Meet the Horses Educational Event-এ অংশ নিতে পারবেন এবং দ্য ফেয়ারে থাকা অসাধারণ ঘোড়াগুলি সম্পর্কে আরো জানতে পারবেন।

28 আগস্ট, শুক্রবার, 29 আগস্ট, শনিবার, এবং 5 সেপ্টেম্বর, শনিবার Toyota Coliseum-এ Kiddie Tractor Pull-এর মাধ্যমে শিশুরাই থাকবে মূল আকর্ষণ। দুপুর থেকে শুরু হওয়া প্রিয় ট্র্যাক্টর পুলের এই ছোটদের উপযোগী সংস্করণে নিবন্ধিত শিশুরা নিজেদের শক্তি পরীক্ষা করার এবং এই আনন্দদায়ক প্রতিযোগিতায় তাদের ট্রাক্টর কত দূর টেনে নিতে পারে তা দেখার সুযোগ পাবে।

দ্য ফেয়ারে এছাড়াও Behind the Halter -Celebrating the Youth Behind New York's Dairy Cattle প্রথমবারের মতো শুরু করা হচ্ছে, এটি একটি নতুন ডিজিটাল ক্যাম্পেইন যেখানে নিউ ইয়র্কের ডেইরি ইন্ডাস্ট্রির পরবর্তী প্রজন্মের প্রতিনিধিত্বকারী তরুণদের তুলে ধরা হবে। Dairy Cattle Barn-এর স্ক্রিনে দেখানো এই ক্যাম্পেইন মেলায় আগত দর্শনার্থীরা এমন তরুণ প্রদর্শনকারীদের সম্পর্কে জানাবে যারা তাদের ডেইরির গবাদি পশুর যত্ন নেওয়া, প্রস্তুত করা ও প্রদর্শনের জন্য অগণিত ঘণ্টা ব্যয় করেন, এর মাধ্যমে দর্শনার্থীরা দ্য ফেয়ারের যে প্রাণীগুলি দেখেন সেগুলির পেছনে থাকা আগ্রহ ও কঠোর পরিশ্রমের একটি ঝলকও পাওয়া যাবে।

এবং ঐতিহ্যের সাথে নতুন উন্নত চমক হিসেবে, মেলায় আগত দর্শনার্থীরা নতুনভাবে কল্পনা করা The Great New York State Fair Potato Booth দেখতে পারবেন, যেখানে দ্য ফেয়ারের আইকনিক 1 মার্কিন ডলারের আলু, যা এখন নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের New York State Grown & Certified প্রোগ্রামের সাথে সহযোগিতায় Tully's Good Times পরিচালনা করবে, তারা দ্য ফেয়ারের বিখ্যাত বেকড পটেটো, সল্ট পটেটো পরিবেশন করবে, যা বর্তমানে নিউ ইয়র্কেই উৎপাদিত হচ্ছে, এবং নিউ ইয়র্কের দুধ ব্যবহার করে New York State Grown & Certified উৎপাদনকারীদের থেকে পাওয়া টপিং দেওয়া হবে। NYS Grown & Certified প্রোগ্রামের 10ম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের সময় এই সহযোগিতামূলক আয়োজন হচ্ছে।

এছাড়াও Taste NY Pop-Up Market and Marketplace-এ নমুনা গ্রহণ ও বিক্রয়ের জন্য পণ্য সরবরাহকারী বিক্রেতা এবং উৎপাদনকারীদের একটি নতুন ও হালনাগাদ তালিকা রয়েছে। এছাড়াও, এই বছর নতুনভাবে New York State Tasting Yard-এর Seminar Room-এ তথ্যভিত্তিক ক্লাসের পরিসর আরো বাড়ানো হবে, নিউ ইয়র্কের ক্র্যাফট পানীয় উৎপাদনকারীরা এর আয়োজন করবেন।

2026 এর ফেয়ারের জন্য The Voice of the Farmer Garden আরো সম্প্রসারিত করা হচ্ছে। এই বছর, বাগানে নতুনভাবে কাটা ফুলের বিছানা যুক্ত করা হবে, যেখানে নিউ ইয়র্কের বড় হতে থাকা বাণিজ্যিক কাটা ফুল ইন্ডাস্ট্রিকে তুলে ধরা হবে, মাটির গুণগত উন্নতিতে ব্যবহৃত উলের পেলেট নিয়ে একটি প্রদর্শনী, এবং একটি ছোট, ঘনভাবে চাষ করা আপেলের বাগান থাকবে।

কৃষি প্রদর্শনী এবং প্রতিযোগিতার মাধ্যমে দ্য ফেয়ার কৃষিকে তুলে ধরে চলেছে, ইন্ডাস্ট্রিকে তুলে ধরার জন্য নিবেদিত বেশ কয়েকটি বিশেষ দিন রয়েছে, যার মধ্যে রয়েছে এগ্রিকালচারাল ক্যারিয়ার ডে (Agricultural Career Day), বীফ ডে (Beef Day), ম্যাপেল ডে (Maple Day) এবং ডেইরি ডে (Dairy Day), এবং গ্রেপ ডে (Grape Day) ফেরত আসছে।

2026 সালের নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে এছাড়াও অনেক ধরনের নতুন মঞ্চের বিনোদনমূলক অনুষ্ঠান এবং বিনোদন মঞ্চে শীর্ষস্থানীয় শিল্পীদের পরিবেশনাও প্রদর্শিত হবে। মাধ্যাকর্ষণকে অগ্রাহ্য করে জেট স্কি, ওয়াটার স্কি ও ওয়েকবোর্ডের জিমন্যাস্ট প্রদর্শনী থেকে শুরু করে সুন্দর রেসিং কুকুর, প্রথমবারের মতো The Big Cheese, আকাশ আলোকিত করা জাদুময় ড্রোন শো, নতুন STEAM ডে এবং আরো বিস্তৃত LGBTQ+ প্রাইড ডে (Pride Day) আয়োজন, নতুন খাবার প্রতিযোগিতা এবং Empire Room-এ রোমাঞ্চকর বিনোদন, সব মিলিয়ে এই বছরের ফেয়ারে সবার জন্যই কিছু না কিছু রয়েছে। নতুন আকর্ষণগুলির সম্পূর্ণ একটি তালিকা দেখুন এখানে।

এটি Chevrolet Music Series-এর অংশ হিসেবে 41টি জাতীয় রেকর্ডিং অ্যাক্টের সাথে যোগ হবে। এই কনসার্ট এবং বিনোদনমূলক অনুষ্ঠানগুলির সবই প্রবেশমূল্যের মধ্যে অন্তর্ভুক্ত, মাত্র 8 ডলার মূল্যের প্রবেশ টিকিট এছাড়াও মেলায় দর্শনার্থীদের অসংখ্য কৃষি প্রদর্শনী, অনেক ধরনের খাবার, এবং আরো অনেক কিছু দেখার সুযোগ করে দেয়।

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার সম্পর্কে

ফেয়ার 26 আগস্ট, বুধবার খুলবে এবং 7 সেপ্টেম্বর, সোমবার, লেবার ডে পর্যন্ত চলবে। সকল কনসার্ট প্রবেশমূল্যের মধ্যে অন্তর্ভুক্ত। টিকেট এখন দ্য ফেয়ারের ওয়েবসাইটে nysfair.ny.gov-এ বিক্রি হচ্ছে। কম মূল্যে অনেক কিছু পাওয়ার এই একটি প্রবেশের টিকেটের দাম 8 মার্কিন ডলার এবং এর মধ্যে গ্রাউন্ডসের সকল বিনোদন এবং দ্য ফেয়ারের পুরস্কার বিজয়ী কনসার্টের লাইনআপ থাকবে। উপরন্তু, 25 মার্কিন ডলারের বিনিময়ে প্রায়শই মেলায় যাওয়া লোকদের জন্য (Frequent Fairgoer) টিকেটের বিকল্প আছে।

এই মেলা দেশের সবচেয়ে সাশ্রয়ী মূল্যের মেলাগুলির মধ্যে একটি, যেখানে 65 বছর বা তার বেশি বয়সীদের এবং 12 বছর বা তার কম বয়সী শিশুদের জন্য প্রবেশ বিনামূল্যে।
1841 সালে প্রতিষ্ঠিত গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার নিউ ইয়র্কের কৃষির সেরা সবকিছুর প্রদর্শন করে, শীর্ষ মানের বিনোদন প্রদান করে এবং এবং এটি পর্যটনের মাধ্যমে সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতির প্রবৃদ্ধি করার জন্য স্টেটের CNY রাইজিং (CNY Rising) কৌশলের একটি মুখ্য অংশ। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের (United States) সবচেয়ে পুরনো মেলা এবং দেশের শীর্ষ পাঁচটি স্টেট ফেয়ারের অন্যতম হিসেবে এটি ক্রমাগত স্বীকৃতি পেয়ে আসছে।

নিউ ইয়র্ক স্টেটের ফেয়ারগ্রাউন্ডস একটি 375 একরের প্রদর্শনী এবং বিনোদন কমপ্লেক্স যা সারা বছর খোলা থাকে। গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার সম্পর্কে অনলাইনে আরো জানতে দর্শকদেরকে ফ্লিকার (Flickr)-এ ছবি দেখতে, এবং ফেসবুক (Facebook), টিকটক (TikTok) ও ইনস্টাগ্রাম (Instagram)-এ সব মজা ফলো করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।